

স্টাফ রিপোর্টার : 'বিশ্ব হৃদয় দিবস' উপলক্ষে রবিবার শহরে হয়ে গেল অভিনব পদযাত্রা। হৃদয়ঘটিত সমস্যাগুলি সম্পর্কে জনসচেতনতা বাড়াতে এদিন এই পদযাত্রায় শহরের ফিল্ম, টেলিভিশন, ক্রীড়া, সংস্কৃতি জগতের তারকারা ছাড়াও পা মিলিয়েছিলেন সর্বস্তরের মানুষ। বিশ্বে হৃদরোগের প্রকোপ কমাতেই বিএম বিড়লা হার্ট রিসার্চ সেন্টার ও 'সংবাদ প্রতিদিন' 'রোববার' বিভাগের যৌথ উদ্যোগে এই পদযাত্রা। এদিন এই পদযাত্রায় অংশগ্রহণ করেছিলেন 'সংবাদ প্রতিদিন'-এর প্রধান সম্পাদক সঞ্জয় বোস, শিল্পী সুদীপ মুখোপাধ্যায়, পল্লবী চট্টোপাধ্যায়, রচনা বন্দ্যোপাধ্যায়, পাওলি দাম, রাহুল, প্রিয়াঙ্কা, বিক্রম ঘোষ, সুদেষ্ণা রায়, হারাধন বন্দ্যোপাধ্যায়, অরিজিৎ দত্ত, অনিন্দ্য চট্টোপাধ্যায়, ভূমি ব্যান্ডের সুরজিৎ ও বিএম বিড়লার সিইও সুযশ বোরা। ছিলেন দীপ দাশগুপ্ত, দেবাং গাঙ্গী, আবদুল মুন্নান, অভিজিৎ সিকদার, সত্যেন্দ্র সিং, সোমা বিশ্বাস, মানস ভট্টাচার্য, প্রশান্ত বন্দ্যোপাধ্যায়, সুভাষ ভৌমিক।

হৃদয়ের জন্য পদযাত্রা



মোহরকুঞ্জ থেকে বি এম বিড়লা হাসপাতাল পর্যন্ত 'ওয়াল্ড হার্ট ডে'-র পদযাত্রায় সমাজের সর্বস্তরের মানুষ शामिल হন। ছিলেন বিশিষ্টরাও। রবিবার।

—প্রতিদিন চিত্র